গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.২৩-১২৫

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২
০১ জুন ২০২৫

**বিষয় : বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর প্রাক্তন অডিটর জনাব শাহানা আক্তার পেনশন ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করায় তাঁর জ্যেষ্ঠ পুত্র সৈয়দ মাহমুদ আল হাসান এর অনুকূলে মাসিক পেনশন মঞ্জুরি সংক্রান্ত।**

সূত্র : হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.০৮.০০৪.২২.৭২, তারিখ: ০৮/০৪/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর প্রাক্তন অডিটর জনাব শাহানা আক্তার পেনশন ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করায় তাঁর জ্যেষ্ঠ পুত্র সৈয়দ মাহমুদ আল হাসান এর অনুকূলে মাসিক পেনশন মঞ্জুরি সংক্রান্ত প্রস্তাবে নির্দেশক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত জানানো হলো:

"পারিবারিক পেনশনের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের প্রবিধি অনুবিভাগের ০৯/০৯/২০২১ তারিখের ৮২ নং স্মারকের আদেশ সঠিক এবং বহাল আছে।"

০১/০৬/২৫
(মিতু মরিয়ম)
উপসচিব
ফোন : ০২৫৫১০০০৭৮
e-mail: regulation1.fd@gmail.com

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.২৩-১২৫

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২
০১ জুন ২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (**জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়**):

০১। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। অফিস কপি/মাস্টার কপি।

স্বা/-
(মিতু মরিয়ম)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা।
www.mof.gov.bd

ঃ নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৪.১৫-৮২

২৫ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ: ............................
০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**ঃ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের মৃত কর্মচারী জনাব ফজলুল হক, সাবেক সার্ভেয়ারের বিধবা স্ত্রী বেগম ওয়া হক মৃত্যুজনিত কারণে তার জ্যেষ্ঠ পুত্র (২৫ বছরের উর্ধ্বে) জনাব মোঃ রিয়াজুল ইসলামের অনুকূলে অবশিষ্ট সময়ের পারিবারিক পেনশন মঞ্জুর প্রসঙ্গে।**

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের স্মারক নং-৩০.০০.০০০০.০৩৩.১৩.০০১.১৮-২১১,তারিখ: ১১-০৭-২০২১ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর অধীন বেবিচক এর কর্মচারী জনাব ফজলুল হক এর মৃত্যুজনিত কারনে তার স্ত্রী ৯ বছর ১ মাস ২০ দিন বারিক পেনশন ভোগ করার পর মৃত্যুবরণ করেছেন, তার জ্যেষ্ঠ পুত্রের বয়স ২৫ বছরের উর্ধ্বে হওয়ায় তিনি শিষ্ট সময়ের জন্য পারিবারিক পেনশন প্রাপ্য হবেন না মর্মে নির্দেশক্রমে জানানো হলো।

(খালেদা নাছরিন)
উপ সচিব
ফোন: ৯৫৪০০৭৮

নয়র সচিব
মরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
লাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.cga.gov.bd

স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.০৮.০০৪.২২- ৭২ তারিখঃ ০৮ / ০৪/২০২৫খ্রিঃ।

বরাবর,

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রবিধি-১ অধিশাখা, প্রবিধি অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়]

**বিষয়ঃ পারিবারিক পেনশন মঞ্জুরী প্রসঙ্গে।**

সূত্র: ০৭.০৩.০০০০.০০২.০৭.০০৪.২৩-২৩৬৮ তারিখঃ ২২/১২/২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সিএএফও/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর প্রাক্তন অডিটর জনাব শাহানা আক্তার পেনশন ভোগরত অবস্থায় গত ০৯/০২/২০২৩ খ্রি: তারিখে মৃত্যুবরণ করেন। তিনি প্রায় ২ বছর ২ মাস পেনশন ভোগ করেছিলেন। তাঁর মৃত্যুর পূর্বেই তাঁর স্বামী মৃত্যুবরণ করায় তাঁর জ্যেষ্ঠ পুত্র সৈয়দ মাহমুদ আল হাসান (যার জন্ম তারিখ - ১২/০৪/১৯৭৮ খ্রিঃ) ১৫ বছর মেয়াদকাল পূর্তির অবশিষ্ট সময়ের মাসিক পেনশন প্রাপ্যতার জন্য আবেদন করেছেন।

এ কার্যালয়ের মতামতঃ তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬/০৪/১৯৫৯ খ্রি: তারিখের Memorandum No. 2566 (40)-F দ্বারা জারীকৃত Pension Rules and Retirement Benefits এর Section II - Family Pension অংশের Para 5 ( 2 ) a(ii) এর নির্দেশনা অনুযায়ী জ্যেষ্ঠ পুত্র সন্তানের পারিবারিক পেনশন প্রাপ্যতার ক্ষেত্রে বয়সের কোন সীমাবদ্ধতা নেই। তাছাড়া সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এর প্যারা ৩.০৪ মোতাবেক ১৫ বৎসরের মেয়াদকাল পূর্তির কোন সময় অবশিষ্ট থাকলে শুধু উক্ত সময় পর্যন্ত বয়স নির্বিশেষে পুত্র সন্তান পারিবারিক পেনশন প্রাপ্য হবেন। পক্ষান্তরে, অর্থ মন্ত্রণালয়ের প্রবিধি অনুবিভাগের ০৯/০৯/২০২১খ্রিঃ তারিখের ৮২ নং স্মারকের সিদ্ধান্ত অনুযায়ী ২৫ বছরের উর্ধ্বের জ্যেষ্ঠ পুত্র ১৫ বছরের অবশিষ্ট সময় পারিবারিক পেনশন প্রাপ্য হবেন না । এক্ষেত্রে সংশ্লিষ্ট পারিবারিক পেনশন প্রাপ্যতা নির্ধারণের ক্ষেত্রে উপরোক্ত আদেশাবলীর একটি অপরটির সাথে সাংঘর্ষিক।

এমতাবস্থায়, উপরে বর্ণিত পেনশন আবেদনটির জটিলতা নিরসনকল্পে এ বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো ।

সংযুক্তিঃ ৭ (সাত) পাতা।

(শিপ্রা দাস)
অতি: হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি) (অ:দা:)
ফোনঃ ০২-২২৬৬৬৩৮
তারিখঃ ০৮ /০৪/২০২৫খ্রিঃ।

স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.০৮.০০৪.২২- ৭২(৩)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-
১। সিএএফও/ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা।
২। সিএএফও/ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হিসাব ভবন, সেগুনবাগিচা।
৩। অফিস কপি/গার্ড ফাইল।

(ফারুক আহমদ)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.cga.gov.bd

স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.১১.১৬৯.২৫-১৩১ তারিখঃ ২৯/০৬/২০২৫খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখার ০১/০৬/২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.২৩-১২৫ নং স্মারকের পত্রটি নিম্নবর্ণিত কার্যালয়সমূহে আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো।

সংযুক্তিঃ ০৩ (তিন) পাতা।

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। পিএস টু-সিজিএ ।
৭। পিএ টু-সিজিএ/অতিঃ সিজিএ (প্রশাসন)/অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
৮। অফিস কপি/গার্ড ফাইল।

২৯/০৬/২০২৫

(ফারুক আহমদ)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.cga.gov.bd

স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.১১.১৬৯.২৫-১৩১ তারিখঃ ২৯/০৬/২০২৫খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখার ০১/০৬/২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.২৩-১২৫ নং স্মারকের পত্রটি নিম্নবর্ণিত কার্যালয়সমূহে আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো।

সংযুক্তিঃ ০৩ (তিন) পাতা।

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। পিএস টু-সিজিএ ।
৭। পিএ টু-সিজিএ/অতিঃ সিজিএ (প্রশাসন)/অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
৮। অফিস কপি/গার্ড ফাইল।

২৯/০৬/২০২৫

(ফারুক আহমদ)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)